

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্হ  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: কিয়ামতে সালাতের হিসাব প্রথম নেয়া হবে

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ

নিশ্চয়ই সালাত অশ্লীল ও অসৎকাজ থেকে (মানুষকে) বিরত রাখে। (সূরা আনকাবুত ৪৫)

حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوَسْطَىٰ

সালাত সমূহ সংরক্ষণ করে, বিশেষ করে মধ্যবর্তি সালাতটি। (সূরা বাকারা ২৩৮)

فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ

তবে তারা যদি তওবা করে, সালাত কায়েমকরে ও যাকাত আদায় করে, তাহলে তাদের পথ ছেড়ে দাও।

মুসলিম শরীফ হাদিস (রিয়াদুস সালাহীন ১০)

وَعَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ : إِنَّ بَيْنَ الرَّجُلِ وَبَيْنَ الشِّرْكِ وَالْكَفْرِ تَرْكُ الصَّلَاةِ - رَوَاهُ مُسْلِمٌ

২. হযরত জাবির (রা:) থেকে বর্ণিত. তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (স:) কে বলতে শুনেছি: মানুষের এবং শিরক/কুফরের মধ্যে পার্থক্য হচ্ছে সালাত ত্যাগ করা

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ عَمَلِهِ صَلَاتُهُ فَإِنْ صَلَحَتْ فَقَدْ أَفْلَحَ وَأَنْجَحَ وَإِنْ فَسَدَتْ فَقَدْ خَابَ وَخَسِرَ فَإِنْ أَنْتَقَصَ مِنْ فَرِيضَتِهِ شَيْءٌ قَالَ الرَّبُّ عَزَّ وَجَلَّ: أَنْظِرُوا هَلْ لِعَبْدِي مِنْ تَطَوُّعٍ فَيُكْمَلُ بِهَا مَا أَنْتَقَصَ مِنَ الْفَرِيضَةِ؟ ثُمَّ تَكُونُ سَائِرُ أَعْمَالِهِ عَلَى هَذَا – رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ

শব্দের অর্থ: **أَوَّلٌ** সর্বপ্রথম **يُحَاسَبُ** হিসাব নেয়া হবে **بِهِ** যেটির (অর্থাৎ যে আমলটি) **الْعَبْدُ** বান্দার **فَإِنْ صَلَحَتْ** তা যদি ঠিক **فَإِنْ صَلَحَتْ** তার সালাতের **صَلَاتُهُ** তার (বান্দার) আমলের থেকে/মধ্যে **مِنْ عَمَلِهِ** হয় **فَقَدْ** তবে নিশ্চয়ই **أَفْلَحَ** সে কল্যাণ প্রাপ্ত হবে/সফলকাম হবে. **أَنْجَحَ** বিজয় লাভ করবে/উদ্দেশ্যে পৌঁছে যাবে **إِنْ** যদি **فَسَدَتْ** বেঠিক হয়/খারাপ হয় **خَابَ** সে নিষ্ফল হবে **خَسِرَ** সে ক্ষতিগ্রস্ত হবে **فَرِيضَتِهِ** অতঃপর পূরণ **فَيُكْمَلُ** ফরিযাৎ পূরণ করে দেয়া হবে। **مِنْ الْفَرِيضَةِ** ফরজ থেকে **سَائِرُ** সমস্ত **مَا أَنْتَقَصَ** যা ঘাটতি হয়েছে

হযরত আবু হুরায়রা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (স:) বলেছেন: কিয়ামতের দিন বান্দার আমলের মধ্য থেকে যে আমলটির হিসাব সর্বপ্রথম গ্রহণ করা হবে সেটি হবে সালাত। যদি এ হিসাবটি নির্ভুল পাওয়া যায় তবে সে সফলকাম হবে এবং নিজের লক্ষ্যে পৌঁছে যাবে। আর যদি এ হিসাবটিতে ত্রুটি দেখা যায় তাহলে সে ক্ষতিগ্রস্ত হবে এবং ধ্বংস হয়ে যাবে। যদি তার ফরজগুলোর মধ্যে কোনো ত্রুটি থাকে তবে মহান ও পরাক্রমশালী আল্লাহ বলবেন, দেখো আমার বান্দার কিছু নফল আছে না কি, তার সাহায্যে তার ফরজগুলোর ত্রুটি পূরণ করে দাও। তারপর সমস্ত আমলের হিসাব এভাবেই পূরণ করা হবে।

প্রিয় ভাই ও বোনেরা, ইসলামের ভিত্তি পাঁচটি:

১. এ সাখো দেয়া যে, আল্লাহ ব্যতীত আর কোনো ইলাহ নেই, এবং মুহাম্মদ (স:) আল্লাহর রাসূল
২. সালাত কায়েম করা
৩. যাকাত আদায় করা
৪. বায়তুল্লাহর হজ করা
৫. রমজান মাসে সওম পালন করে

(রিয়াদুস সালাহীন, পৃষ্ঠা ১০৯, ৩য় খণ্ড হাদীস নম্বর ১০৭৬) (বুখারী মুসলিম)

সুতরাং অত্যন্ত বিনয়ের সাথে (খুশু খুজু সহকারে) পুরো অন্তর আল্লাহর দিকে নির্দিষ্ট করে ফরজ ও বেশি বেশি নফল সালাত আদায় করতে হবে। ফরজ সালাত মসজিদে জামাতের সাথে এবং নফল সালাত বাড়িতে একা একা আদায় করা উত্তম। আল্লাহ আমাদেরকে সালাত আদায় করার আমল সহ অন্যান্য আমল করার তৌফিক দান করুন।